

রহমান রহীম আল্লাহ তাআলার নামে

- ১০১-১ এক মহা (বিপর্যয় সৃষ্টিকারী) দুর্যোগ!
- ১০১-২ কি সে মহাদুর্যোগ?
- ১০১-৩ তুমি জানো সে মহাদুর্যোগটা কি?
- ১০১-৪ (এ হচ্ছে এমন একদিন,) যেদিন মানুষগুলো পতংগের মতো (ইতস্তত) বিক্ষিপ্ত হয়ে পড়বে,
- ১০১-৫ পাহাড়গুলো রঙ বেরঙের ধূনা তুলার মতো হবে;
- ১০১-৬ অতঃপর যার ওয়নের পাল্লা ভারী হবে,
- ১০১-৭ সে (অনন্তকাল ধরে) সুখের জীবন লাভ করবে;
- ১০১-৮ আর যার ওয়নের পাল্লা হালকা হবে,
- ১০১-৯ হাবিয়া দোযখই হবে তার (আশ্রয়দায়িনী) মা,
- ১০১-১০ তুমি কি জানো সে (ভয়ানক আযাবের গর্ভ)টি কি?
- ১০১-১১ তা হচ্ছে প্রজ্বলিত আগুনের এক (বিশাল) কুন্ডলী।

Bengali Translation By : Hafiz Munir Uddin Ahmed

*Al Quran Academi London*